দর্শনায় জুয়ার আসরে পুলিশের অভিযান; গ্রেফতার-৪

দর্শনা রেল বাজারে জুয়ার আসরে পুলিশ অভিযান চালিয়েছে। এ অভিযানে জুয়ার আসর হতে নগদ টাকা ও জুয়া খেলার সরঞ্জাম সহ ৪ জুয়াড়ীকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা দর্শনা পৌর এলাকার ঘুঘুডাঙ্গার রাকিব হাসান টিটু, মোবারকপাড়ার আশিক, শাহারুল ইসলাম ও পরানপুরের ফারুক মিয়া।

পুলিশ জানায়, দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই ফাহিম হোসেন সঙ্গীয় অফিসার-ফোর্সসহ দর্শনা থানা এলাকায় মাদক উদ্ধার গ্রেফতারী পরোয়ানা তামিল ও বিশেষ অভিযান ডিউটি করাকালে গোপন সংবাদের ভিত্তিতে গত বুধবার (৪ অক্টোবর) সন্ধা সাড়ে ৬ টার দিকে দর্শনা রেল বাজারস্থ জনৈক সিরাজুল ইসলামের মাছের আড়তের সামনে জুয়ার আসরে অভিযান চালায়। এ অভিযানে জুয়ার আসর হতে নগদ ১১ শত (এক হাজার এক শত) টাকা, ১ সেট তাস এবং ১টি প্লাষ্টিকের বস্তা উদ্ধার সহ জুয়াড়ী দর্শনা পৌর এলাকার ঘুঘুডাঙ্গার মুন্না সুলতানের ছেলে রাকিব হাসান টিটু (৩৫), মোবারকপাড়ার হাসেম খানের ছেলে আশিক (২৮), পিয়ার আলীর ছেলে শাহারুল ইসলাম (৩৪) ও পরানপুরের নেকবার আলীর ছেলে ৪। মোঃ ফারুক মিয়াকে (২৪) গ্রেফতার করেন।

এ বিষয়ে দর্শনা থানায় গ্রেফতারকৃত ও পলাতক আসামিদের বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গার পোলবাগুন্দায় স্ত্রীকে হত্যার দায়ে স্বামীর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় ভোক্তা অধিকারের অভিযানে ৫০ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে ভাই ভাই ফুচকা হাউজে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহমেদ এর নেতৃত্ব এই অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে চুয়াডাঙ্গা ভাই ভাই ফুচকা হাউজে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি, বাসি খাবার খাওয়ানো ও স্বাস্থ্যবিধি অমান্য করাসহ নানা অপরাধে শহরের ভাই ভাই ফুচকা হাউজকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। আজ বৃহস্পতিবার দুপুরে শহরের কবরী রোডে অবস্থিত ওই প্রতিষ্ঠানে অভিযান চালানো হয়।

অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ জানান, পূর্বে সতর্ক করা সত্বেও ভাই ভাই ফুচকা হাউজ কর্তৃপক্ষ অস্বাস্থ্যকরভাবে বিভিন্ন খাবার তৈরি, একই ফ্রিজের কাচা মাংসের সাথে প্রস্তুতকৃত খাবার সংরক্ষণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য ব্যবহার, আগের বাসি খাবার ফ্রিজে সংরক্ষণ করে পুনরায় খাওয়ানো, আগের দিনের পোড়াতেল ব্যবহার, উৎপাদন ও মেয়াদ তারিখবিহীন বিভিন্ন খাবার সংরক্ষণ, রান্নাঘরের অস্বাস্থ্যকর পরিবেশ, কর্মচারীদের স্বাস্থ্যবিধি না মানাসহ বিভিন্ন অপরাধে প্রতিষ্ঠানটির মালিক ওহিদুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৪৩ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এ সময় বাসি খাবার ও পোড়াতেল নষ্ট করা হয়।

আলমডাঙ্গায় ইসলামী ব্যাংকে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জীবননগরে ৩৬ বোতল ফেন্সিডিলসহ আটক-৫

জীবননগর থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩৬বোতল ফেন্সিডিলসহ ৫মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আজ বৃহস্পতিবার ভোর ৩টার সময় জীবননগর অফিসার ইনচার্জ (ওসি)এস.এম. জাবীদ হাসানের নেতৃত্বে এসআই(নি:) এসএম রায়হান সঙ্গীয় অফিসার ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে জীবননগর জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামের বন্দর মাঠ সংলগ্ন পাকা রাস্তার উপর ৫ জনকে আটক করে পুলিশ।

আটককৃত আসামীরা হলেন মোঃ রাজা মিয়া (২৬), পিতা-মোঃ কলম মিয়া, মোঃ রোহান মিয়া (১৯), পিতা-মোঃ আরিফুল ইসলাম, মোঃ রিয়াজ আলী (১৯), পিতা-মোঃ সমীর আলী, মোঃ নাইমুল হাসান (১৯), পিতা-মোঃ মিন্টু মিয়া, আল্ ফাত্তাহ আল মামুন (১৯), পিতা-মোঃ হামিদুল ইসলাম, ৩৬ বোতল মাদকদ্রব্য ফেন্সিডিল সহ আটক করে।

আটককৃত আসামীদের বিরুদ্ধে জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু প্রক্রিয়াধীন।

জীবননগর উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা

জীবননগরে চিকিৎসার মান উন্নয়নের লক্ষে উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়োজনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কমকতা ডাঃ সেলিমা আক্তারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২আসনের সংসদ সদস্য হাজী আলী

আজগার টগর।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজ,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃসালাম ঈশা,জীবননগর থানার ওসি এস,এম,জাবিদ হোসেন,উপজেলা সমাজ সেবা অফিসার জাকির উদ্দিন মোড়ল,বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু,সাংবাদিক এম,আর বাবু,জাহিদ বাবু, কাজী শামসুর রহমান, মিঠুন মাহমুদ প্রমুখ।

আলমডাঙ্গায় পূজা উদযাপন উপলক্ষে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময়

আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আলমডাঙ্গা উপজেলা পূজা উদযাপন কমিটির নেতাদের সঙ্গে থানার ওসির আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকেল ৫ টায় আলমডাঙ্গা থানা চত্বরে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

সভায় আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপন উপলক্ষে আইনশৃঙ্খলা ও নিরাপত্তা সংক্রান্ত আলোচনা হয়। সেইসঙ্গে পূজা উদযাপন কমিটির সকল নেতৃবৃন্দ ও সদস্যদের মতামত গ্রহণ করা হয়।

আলোচনা সভায় আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, নিরাপত্তা নিশ্চিতে ও নিজ নিজ ধর্ম সুষ্ঠুভাবে পালনে আইনশৃঙ্খলা রক্ষায় আলমডাঙ্গা থানাপুলিশ সবসময় সর্তক রয়েছে। পুলিশের পক্ষ থেকে প্রতিটি পূজামণ্ডপ এলাকায় সর্বোচ্চ আইনশৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হবে।

তিনি ৩ টি বিষয়ে গুরুত্ব সহকারে পালনের নির্দেশ দিয়ে বলেন, পূজা শুরু থেকে শেষ পর্যন্ত স্বেচ্ছাসেবক দলের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এছাড়াও প্রতিটি পূজা মণ্ডপে আলোকসজ্জা বৃদ্ধির পাশাপাশি সিসি ক্যামেরা আওতাভুক্ত আনার পরামর্শ দেন ওসি। তবে পূজা মণ্ডপের সন্নিকটে নিকট কোন দোকান কিংবা ফাস্টফুডের

দোকান না বসানোর জন্য নির্দেশ দেন।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন,উপজেলা হিন্দু-বৌদ্ধ- খ্রীস্টান ঐক্য পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মনিন্দ্র নাথ দ্ত্ত, উপজেলা পূজা উতযাপন পরিষদের সভাপতি ডা: অমল কুমার বিশ্বাস, বাহ্মন পুরহিত ঐক্য পরিষদের সভাপতি দেবেন্দ্র নাথ দোবে বাবুলাল,উপজেলা পূজা উদযাপন পরিষদের সহ- সাধারণ সম্পাদক সুধাংশ কুমার ব্যানর্জী, পৌর পূজা উদযাপন কমিটির সভাপতি পরিমল কুমার ঘোষ,হিন্দু-বৌদ্ধ-খ্রীষ্টান ঐক্য পরিষদের পৌর সম্পাদক পলাশ কুমার আচার্য্য,পূজা উদযাপন পরিষদের পৌর সাধারণ সম্পাদক জয় কুমার বিশ্বাস।

এ ছাড়াও উপস্থিত ছিলেন আশোক সাহা,লিপন বিশ্বাস,সুশিল কুমার ভৌতিকা,কৃষ্ণ বিশ্বাস,বিশ্বজিৎ সাধুখা, বিজয় কুমার দাস,শিপন কুমার দাসসহ ৩৯টি মন্দির কমিটির সভাপতি সম্পাদক বৃন্দ।

জীবননগরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে পুলিশের মতবিনিময় সভা

জীবননগর থানা পুলিশের সাথে আসন্ন দুর্গাপূজা উপলক্ষে সনাতন ধর্মাবলম্বী নেতৃবৃন্দেরে আইন শৃঙ্খলা বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার দিকে থানা ক্যাম্পাসে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন,জীবননগর থানার অফিসার ইনচার্জ এসএম জাবিদ হাসান। সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন,জীবননগর-দামুড়হুদা সার্কেলের সিনিয়র সহকারী পুলিশ সুপার জাকিয়া সুলতানা।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, অফিসার ইনচার্জ (তদন্ত) আবু সাইদ, জীবননগর উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি যাদব প্রমানিক, সাধারন সম্পাদক নারায়ন ভৌমিক, উপজেলা হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি রমেন বিশ্বাস,সাধারন সম্পাদক সাগর বিশ্বাস। এ

ছাড়াও বক্তব্য রাখেন, প্রশান্ত দাস, সরজিত কর্মকার, বিপ্লব কুমার পাল, জীবন সেন, নিত্য কর্মকার।

মতবিনিময় সভায় প্রধান অতিথি সিনিয়র সহকারী পুলিশ সুপার জাকিয়া সুলতানা বলেন,পূজা চলাকালীন সময়
এবং দুর্গা বিসর্জনের সময় সবাইকে সতর্ক থাকতে হবে। কোন অবস্থাতেই কাউকে বিশৃঙ্খলা সৃষ্টি করতে দেয়া যাবে না। অপরাধীদের ব্যাপারে পুলিশের তৎপরতাও থাকবে। সকল ধর্মের মানুষ শান্তিপুর্ণ ভাবে তাদের ধর্মীয় উৎসব পালন করবে এবং পুলিশ সে ব্যাপারে সকল ধরনের সহযোগীতা দিবে।

আলমডাঙ্গার বাঁশবাড়িয়াতে যুবতীর আত্নহনন

আলমডাঙ্গার বাঁশবাড়িয়ায় গলায় ফাঁস লাগিয়ে শিমলা খাতুন (১৯) নামের এক যুবতী আত্নহত্যা করেছে। আজ মঙ্গলবার সকাল ৬ টায় তার নিজ শোবার, বন্ধ ঘরের দরজা ভেঙে তার মরদেহ উদ্ধার করে পরিবার।

ঘটনাটি উপজেলা ভাঙবাড়িয়া ইউনিয়নের বাঁশবাড়িয়া গ্রামে ঘটেছে। নিহত যুবতী শিমলা খাতুন ওই গ্রামের দিনমজুর শুকুর আলীর মেয়ে।

স্থানীয়রা জানায়, গতকাল সোমবার সন্ধ্যায় সংসারের কাজকর্ম নিয়ে তার মা মিনা খাতুনের সাথে ঝগড়া হয় শিমলা খাতুনের। রাতে শিমলার পিতা শুকুর আলী বাড়িতে ফিরে মা-মেয়ে বিবেদ মিমাংসা করে দেয়। তবুও ক্ষোভ থামেনি শিমলার। মায়ের উপর অভিমান করে মঙ্গলবার দিবাগত রাতে সে গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করে। এদিন সকালে শিমলার মা তাকে ঘুম থেকে ডাকতে থাকে। তার কোন সাড়া না পেয়ে ঘরের দরজা ভেঙে তার মেয়ের ঝুলন্ত মরদেহ দেখতে পায়। খবর পেয়ে আলমডাঙ্গা থানাপুলিশ ওই যুবতীর লাশের সুরতহাল সংগ্রহ করে পোষ্ট মর্টেমের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠাই।

এদিকে, ময়নাতদন্ত শেষে মঙ্গলবার সন্ধ্যায় যুবতী শিমলার লাশ পৌছাই বাড়িতে। মায়ের উপর অভিমানে আত্নহত্যার ঘটনায় তার মা

বারবার মুর্ছা যায়। আজ রাতেই স্থানীয় কবরস্থানে জানাযা শেষে দাফন সম্পন্ন হয়।

চুয়াডাঙ্গায় আফরোজা পারভীনের নির্বাচনী কর্মী সমাবেশ ও গণসংযোগ

চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন এর নেতৃত্বে নির্বাচনী উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এ সময় উঠান বৈঠক ও গণসংযোগ করে যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভিন বলেন চুয়াডাঙ্গা-১ আসনে মোট সাড়ে পাঁচ লক্ষ ভোটার এর ভিতরে নারী ভোটার প্রায় তিন লক্ষ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিদর্শনায় ও চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের নেতৃত্ব আমরা সকল নারীকে ঘরের বাইরে এনে নারী জাগরণ করার চেষ্টা চালিয়ে যাচ্ছি। এ সময় তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরেন ও লিফলেট বিতরণ করেন এবং আগামী দ্বাদশ সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা সরকার ও নৌকা মার্কার পক্ষে ভোট চান।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সহ-সভাপতি- পূর্ণিমা হালদার,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক

ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী ছাত্রলীগ ও যুবলীগ সহ ও চুয়াডাঙ্গা সদর উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।